রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখ, ১৮ আষাঢ়, ১৪২০ বঙ্গাব্দ / ০২ জুলাই, ২০১৩ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নং–২৩৩–আইন/২০১৩/৬৮৯–মূসক।–মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২, ধারা ৫ এর উপ-ধারা (২) এর শর্তাংশ, ধারা ৬ এর উপ-ধারা (৪) এবং ধারা ৩১ এর উপ-ধারা (১) এর শর্তাংশ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, জারিকৃত বাণিজ্যিক আমদানিকারক, ব্যবসায়ী ও ক্ষুদ্র খুচরা ব্যবসায়ী কর্তৃক পণ্য সরবরাহের উপর আরোপণীয় মূল্য সংযোজন কর আদায় বিধিমালা, ২০১২ এ নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালার–

(১) বিধি ৬ এর উপ-বিধি (১) এ বর্ণিত টেবিল এর পরিবর্তে নিম্নরূপ টেবিল প্রতিস্থাপিত হইবে, যথা:-

"টেবিল

ক্রমিক নং	যে সকল এলাকার জন্য প্রযোজ্য	সর্বোচ্চ বার্ষিক মূল্য সংযোজনের পরিমাণ	মূল্য সংযোজন করের হার	প্রদেয় ন্যূনতম মূল্য সংযোজন করের পরিমাণ
১	২	৩	৪	৫
১.	ঢাকা ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকা	৭৩,৩৩৪/- টাকা	১৫%	১১,০০০/- টাকা
২.	অন্যান্য সিটি কর্পোরেশন এলাকা	৫৩,৩৩৪/- টাকা	১৫%	৮,০০০/-টাকা
৩.	জেলা শহরের পৌর এলাকা	৪০,০০০/- টাকা	১৫%	৬,০০০/-টাকা
৪.	দেশের অন্যান্য এলাকা	২০,০০০/- টাকা	১৫%	৩,০০০/- টাকা

";

(২) বিধি ৭ এর–

(অ) দফা (ক) এ উল্লিখিত " বা 'মূসক-১ঘ' " শব্দগুলি, চিহ্ন ও সংখ্যা বিলুপ্ত হইবে; এবং

(আ) দফা (ণ) এর প্রান্তস্থিত "দাঁড়ি" (।) চিহ্নটির পরিবর্তে "সেমিকোলন (;) এবং" চিহ্ন এবং শব্দটি প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ নূতন দফা (ত) সংযোজিত হইবে, যথাঃ–

"(ত) ক্যান্সার নিরাময়ে ব্যবহৃতব্য Glivec (Imatinib capsule) ও Tasigna (Nilotinib) নামীয় ঔষধ আমদানির ক্ষেত্রে।"।

www.goldenbusinessbd.com
GOLDEN BANGLADESH

২। এই প্রজ্ঞাপন ২৩ জ্যৈষ্ঠ, ১৪২০ বঙ্গাব্দ মোতাবেক ০৬ জুন, ২০১৩ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(মোঃ শওকাত হোসেন)
প্রথম সচিব (মূসক নীতি)

www.goldenbusinessbd.com
GOLDEN BANGLADESH